

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং- ৪৬.০২০.০০৪.০১.০০.১০৯৬ .২০১৬ ৩৮২

তারিখঃ ১৩/১১/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-১৫৮৩৩/২০১৬ বাদী-জনাব মোঃ সিরাজ মিয়া, পিতা- মৃতঃ নুর মোহাম্মদ , গ্রাম- জাগিরা ঘোনা, উপজেলা- মহেশখালী,
জেলা- কক্সবাজার- বনাম সরকার ও অন্যান্য।

কক্সবাজার জেলা পরিষদ নির্বাচন-২০১৬ এর সাধারণ আসনের সদস্য পদে দাখিলকৃত মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে বাদী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ১৫৮৩৩/২০১৬ দায়ের করা হয়েছে। মাননীয় আদালত রুল ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য এ বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। মহামান্য আদালতের আদেশ যথাযথভাবে প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ রুলের কপি।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব (আইন-১)
৯৫৪০৯৯৫

১। জেলা প্রশাসক

কক্সবাজার।

২। জেলা নির্বাচন অফিসার

কক্সবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি :

১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

২। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)